উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২০/০৬/২০২৪ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর মে/২০২৪ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৪ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৪ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৪ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- | |

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর মে/২০২৪ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের মে/২০২৪ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য মে/২০২৪ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপিসহ অধিকাংশ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া UTMIDP প্রকল্পের আওতায় বাজার উন্নয়ন খাতে মোট টাকার পরিমাণ ৮৮.০০ লক্ষ সেই লক্ষে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে নোয়াখালী বাজার উন্নয়ন ও আক্তাপাড়া মিনাবাজার উন্নয়নের নিমিত্ত সর্বমোট ৯৭,৯৯,৪০৮.৪৭ টাকার প্রাক্কালন প্রস্তুতক্রমে নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ মহোদয় বরাবরে প্রেরণ করা হয়। | ১। UTMIDP প্রকল্পের আওতায় বাজার উন্নয়ন কার্যক্রমের বিষয়টি পরবর্তী সভায় বিস্তারিত আলোচনা করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, জনাব ডাঃ মোঃ ইকবাল হাসান সভায় জানান যে,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শান্তিগঞ্জে জানুয়ারি/২৪ হতে ২৪ ঘন্টা বিনামূল্যে ডেলিভারী কার্যক্রম শুরু করা হয়েছে। ২০০/-টাকা ফির মাধ্যমে আলট্রাস্নোগ্রাফি করা হয়। | ১. জনগনের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। ২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা, শান্তিগঞ্জ, জানান যে, বর্ষার পূর্বেই গবাদি পশুর ভ্যাকসিন দেওয়া জরুরী। বিষয়টি সকল কৃষক/খামারিদেরকে সচেতন/অবহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যনবৃন্দকে অনুরোধ করেন। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণ জানান যে, ওয়ার্ড পর্যায়ে ক্যাম্পেইনের মাধ্যমে সকল খামারি/গরুর মালিকদের একত্রিত করে পশুকে ভ্যাকসিন দেওয়ার জন্য অনুরোধ জানান। | গবাদি পশুর ভ্যাকসিন কার্যক্রমসহ খামারীদের সচেতন করতে হবে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান । ২০২৩-২০২৪ অর্থবছরের বোরো ধান আবাদ লক্ষ্যমাত্রা গ্রহণ করা হয়েছে যা বিগত বছরের তুলনায় ৪৫ হেক্টর বেশি। অত্রাফিসের আওতাধীন ০৯ টি প্রকল্পের কাজ চলমান। ২২৬৪৫.০০ হেক্টর বোরো জমি আবাদ করা হয়েছে। আগামী বোরো ফসল শতভাগ কর্তন সম্পন্ন হয়েছে। এ বছর লক্ষ্যমাত্রার তুলনায় অধিক বোরো ফসল উৎপাদন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যাক্রম চলমান রয়েছে। | ১. কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে । | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান বরাদ্দকৃত টিউবওয়েলের কাজ চলমান রয়েছে। অত্র উপজেলায় ৩০০০ নলকূপ স্থাপন করা হয়েছে এবং ১০৪ টি সাবমারসিবল নলকূপ ও ১৬০০ বাথরুমের কাজ চলমান রয়েছে। | ১. নীতিমালা অনুযায়ী প্রকল্প/নামের তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। ২. উপজেলা ক্রীড়া সংস্থা,শান্তিগঞ্জ। |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে আরও গতিশীলতা আনার **সিদ্ধান্ত গৃহীত হয়** । | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জানান যে, অত্র উপজেলার বর্তমান মোট সক্ষম দম্পতি ৩০৭৬১ মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৩,৭০৯ এবং বর্তমানে পদ্ধতি গ্রহণকারীর হার | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনার **সিদ্ধান্ত গৃহীত হয়** । | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৭৭.০৭%। অত্র উপজেলার মোট গর্ভবতী ১২৩৬ এবং চলতি মাসে নতুন গর্ভবতী সংখ্যা ১৫৯।অত্র উপজেলায় ০৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও ০১টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রতে বিভাগীয় সকল সেবাসহ গর্ভবতী মহিলাদের ANC ও PNC ও নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে এবং প্রতিটি ইউনিয়নে উঠান বৈঠক ও মা সমাবেশ আয়োজিত হয়েছে এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | | |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,শান্তিগঞ্জকে দামোদরতোপী আশ্রয়ণ প্রকল্পে জরুরী ভিত্তিতে টিউবওয়েলের কাজ শেষ করার জন্য সভায় অনুরোধ করা হয়। চলমান প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | চলমান প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র উপজেলায় শিক্ষা অফিসে স্টাফ সংকটের কারণে যথাযথভাবে প্রাইমারি বিদ্যালয়গুলো মনিটর করা যাচ্ছে না। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে পরিলক্ষিত হয়েছে যে, অনেক শিক্ষকগণই অলিখিত ছুটিতে থাকেন। উপজেলা নির্বাহী অফিসার, সকল অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দসহ সকলকে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনের জন্য অনুরোধ জানান এবং যেসকল শিক্ষক কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত বিদ্যালয়ে অনুপস্থিত থাকেন সে সকল শিক্ষকবৃন্দের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রাথমিক শিক্ষার মান বাড়াতে সবাইকে প্রাথমিক শিক্ষার প্রতি গুরুত্ব দিতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জানান ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকাকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ পরিচালনা সংক্রান্ত কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করা হয়। সভায় তিনি জানান যে, সরকারিভাবে প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় প্রতিবছরের ন্যায় এ বছরো খেলাধুলা সুষ্টুভাবে সম্পন্ন করা ও ব্যয় মিটানোর জন্য উপজেলা পরিষদের সহযোগিতা প্রয়োজন। উক্ত খেলাধুলার আনুসাংগিক খরচ মেটানোর জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থকে ৪০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকাকালীন ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনা সংক্রান্ত ব্যয়ের ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতির ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ৫৫% ঋণ আদায় কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১.বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতির ঋণ আদায় কার্যক্রম ১০০% সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সরকারিভাবে ধান সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। কৃষকদেরকে সরকারি গুদামে ধান সরবরাহের জন্য কৃষকদের অনুপ্রাণিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ধান সংগ্রহ প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, শুমারীর কাজ চলমান রয়েছে। সবাইকে শুমারীর কাজে সহযোগিতার জন্য অনুরোধ করেন। | শুমারি কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আনসার ভিডিপির পোষাক সংরক্ষণের জন্য একটি কক্ষ প্রয়োজন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন এই অর্থ বছরে এ পর্যন্ত ১৫০ জনকে যুবঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৮৫% । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে এবং উপকারভোগী/প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা পরিষদের পানির পাম্প ও বাতি, কক্ষ নং-৩১২,১১১ নং রুমের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ২,২৬,০৫০/-(দুই লক্ষ ছাব্বিশ হাজার পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২৩ হতে মে/২০২৪ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৮২,৫০০/- (বিরাশি হাজার পাচশত) টাকা, জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২৩ হতে মে/২০২৪ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৫৪০৫৬/- (চুয়ান্ন হাজার ছাপ্পান্ন টাকা) টাকা এবং জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২৩ হতে মে/২০২৪ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৪৫৮৩৮/- (পয়তাল্লিশ হাজার আটশত আটত্রিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১. উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধ করতে হবে।<br>২. ভ্রমনভাতা সংক্রান্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধ করতে হবে। | ১.উপজেলা প্রকৌশলী শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (গ) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জয়কলস মৌজার ৭৭৩ নং খতিয়ানের ১৫১১ গং দাগের ১৪৩০ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(ঘ) উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়ির (গাড়ি ন- ঘ-১১০০৩০) এর মেসার্স সিলভিয়া ফিলিং স্টেশন, দিরাই রাস্তার পয়েন্ট এর বকেয়া জ্বালানি বিল ১৫৪৩৫/-(ভ্যাট সহ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। মেসার্স সিনথিয়া সিএনজি রিফুয়েলিং এন্ড কনভারসান স্টেশন, সুনামগঞ্জ এর বকেয়া বিল পাওয়া যায়নি। বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের খসড়া বাজেটটি সভায় উপস্থাপন করা হয়। সার্বিক দিক পর্যালোচনায় প্রস্তাবিত বাজেটি সর্বসম্মতক্রমে অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(চ) সিলেট বিভাগীয় শহরসহ সুনামগঞ্জ জেলায় নদ-নদীর পানি অস্বাভাবিকভাবে বৃদ্ধির ফলে মানুষের ঘরবাড়ি ও রাস্তাঘাট তলিয়ে গেছে। ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে শান্তিগঞ্জ উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। অত্র উপজেলায় পানি বৃদ্ধি অব্যাহত থাকায় প্রতিনিয়ত পানিতে নতুন নতুন এলাকা প্লাবিত হচ্ছে। বন্যার কারণে অত্র উপজেলায় মানুষের ঘরবাড়ি ও রাস্তাঘাট পানিতে তলিয়ে যাচ্ছে। বন্যা পরস্থিতি অবনতির হওয়ায় জনসাধারণ বিভিন্ন আশ্রয় কেন্দ্রে আশ্রয় নিচ্ছে। বন্যাকবলিত মানুষজন ও আশ্রয়কেন্দ্রে আশ্রয় নেওয়া মানুষের শুকনো খাবার, ত্রাণ সামগ্রী ও জরুরী প্রয়োজনীয় জিনিসপত্রাদি ক্রয়ের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অগ্রিম উত্তোলন করা হয়। উত্তোলিত অর্থের অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(ছ) উপজেলা পরিষদের জুলাই/২০২৩ হতে জুন/২০২৪ পর্যন্ত ইন্টারনেট ও পত্রিকাবিল বাবদ ৩৩,৬০০/- টাকা বিল বকেয়া রয়েছে। উক্ত বকেয়া বিল পরিশোধের নিমিত্ত সভায় আলোচনা করা হয়। | ৩. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ১৪৩০ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ পরিশোধ করতে হবে।<br>৪. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়ির (গাড়ি ন- ঘ-১১০০৩০) এর মেসার্স সিলভিয়া ফিলিং স্টেশন, দিরাই রাস্তার পয়েন্ট এর বকেয়া জ্বালানি বিল ১৫৪৩৫/-(ভ্যাট সহ) টাকা পরিশোধ করতে হবে।<br>৫. উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের খসড়া বাজেটটি সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়।<br><br>৬. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের বিষয়টি সভায় অনুমোদন করা হয়।<br><br>৭. উপজেলা পরিষদের জুলাই/২০২৩ হতে জুন/২০২৪ পর্যন্ত ইন্টারনেট ও পত্রিকাবিল বাবদ ৩৩,৬০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১৬৫(৫৩)
তারিখ: ২০/০৬/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় এমপি , ২২৬, সুনামগঞ্জ-৩
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ...................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েব পোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০.চেয়ারম্যান ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা..........................................................................................

২০/০৬/২৪
(সুকান্ত সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা :

(তারিখ: ২০।০১।২০২৫ খ্রিঃ)

(জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

**স্থান: উপজেলা সম্মেলন কক্ষ,শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।**

| ক্র:নং | পদবী | নাম | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান | জনাব নূর হোসেন | ০১৭২২৪৪১৮৭৪ | |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান | জনাব দুলন রানী তালুকদার | ০১৭৩৭৯১৩৬০১ | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | জনাব ডাঃ মোঃ ইকবাল হাসান | ০১৭৩৭৩৭৩১৮২ | |
| ৪. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | জনাব ডাঃমোঃ যোবায়ের হোসেন | ০১৩২৪২৯০৫[illegible] | |
| ৫. | উপজেলা কৃষি কর্মকর্তা | ~~জনাব খন্দকার সোহায়েল আহমেদ~~<br>মোঃ আহসান হাবিব | ০১৬০২৪৭৬১১১<br>01700716114 | |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা | হোসনে আরা খাতুন | ০১৯১১০০৫২৯৮ | |
| ৭. | উপজেলা প্রকৌশলী এলজিইডি | জনাব মোঃ আল নূর তারেক | ০১৭০৮১৬১৬৮১ | |
| ৮. | উপজেলা পঃপঃ কর্মকর্তা | জনাব শামিম চন্দ্র তালুকদার | ০১৭১৫১৭১৬৬৮ | |
| ৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | জনাব মোঃ সেলিম খান | ০১৭১৮০৬৪৮৮০ | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | জনাব মোঃ আনিসুর রহমান | ০১৭২১৬৩৬৩২০ | |
| ১১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | জনাব তাছলিমা আক্তার লিমা | ০১৯১৫৫৪৬৫৭৬ | |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ রাসুল হাসান | ~~০১৭১৬৮৮৫১৬৩~~<br>০১৭১২৭৬৯৫৯৫ | Hassan |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | জনাব সন্দ্বীপ বিশ্বাস | ০১৭৫৮১৩২৮৩৯ | |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | জনাব মোঃ শাহাদাৎ হোসেন ভূঞা | ০১৬৭৫৩৫৪০৪২ | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | | ০১৬৭৩৩৮৬৭০৯ | |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | মোহাম্মদ আব্দুর রব | 01712720917 | |
| ১৮. | উপজেলা উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মো: আব্দুর রব সরকার | 01716-479677 | |
| ১৯. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | নেহার রঞ্জী চৌধুরী | ~~০১৭৫৪১৩৯৫০২~~ 01754139562 | |
| ২০. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | [illegible] | 01670591751 | |
| ২১. | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | **জনাব নীতিশ চন্দ্র বর্মণ** | ০১৯৩৮৮৭৯৪২৮ | |
| ২৩. | চেয়ারম্যান,জয়কলস ইউপি | জনাব আব্দুল বাছিত সুজন | ০১৭৮৮৫৭৩০৪০ | |
| ২৪. | চেয়ারম্যান,পাথারিয়া ইউপি | **জনাব মোঃ শহীদুল ইসলাম** | ০১৭৯৯৭০৪৮৫৬ | |
| ২৫. | চেয়ারম্যান,শিমুলবাক ইউপি | **জনাব শাহীনুর রহমান** | ০১৭০৮৭৯৬৮৪৪ | |
| ২৬. | চেয়ারম্যান,পূর্ববীরগাও ইউপি | **জনাব রিয়াজুল ইসলাম** | ০১৭২৯৫৮৭৭৯৭ | |
| ২৭. | চেয়ারম্যান,পশ্চিমবীরগাও ইউপি | **জনাব লুৎফুর রহমান জায়গীরদার** | ০১৯১৮১০৬৪৫০ | |
| ২৮. | চেয়ারম্যান,পূর্বপাগলা ইউপি | জনাব মাসুক মিয়া | ০১৭৪৫৮৭৪৮৬৩ | |
| ২৯. | চেয়ারম্যান,পশ্চিমপাগলা ইউপি | **জনাব মোঃ জগলুল হায়দার** | ০১৭৪৮৯১৩৯৪৪ | |
| ৩০. | চেয়ারম্যান,দরগাপাশা ইউপি | জনাব মোঃ সুফি মিয়া | ০১৭৩০১৭৮৬২৯ | |
| ৩১. | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২. | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩. | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |